গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৪৬৯ তারিখ: ১৬/০৩/২০২১ খ্রি.

**বিষয় : ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত প্রথম এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (প্রথম সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে ২০২০ শিক্ষাবর্ষের ন্যায় ২০২১ শিক্ষাবর্ষের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নির্ধারণ করা হয়েছে। মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য নির্ধারণকৃত **প্রথম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রেরণ করা হলো।**

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির **প্রথম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ** সকল শিক্ষার্থীকে অবহিতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত : গ্রিড এবং এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (প্রথম সপ্তাহের জন্য)**

১৬/০৩/২০২১

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

**বিতরণ:**
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. সংরক্ষণ নথি

# এ্যাসাইনমেন্ট গ্রিড

## শ্রেণি: ৬ষ্ঠ থেকে ৮ম

| বিষয় | সপ্তাহ ও এ্যাসাইনমেন্ট প্রদানের নম্বর ও সংখ্যা | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম সপ্তাহ | ২য় সপ্তাহ | ৩য় সপ্তাহ | ৪র্থ সপ্তাহ | ৫ম সপ্তাহ | ৬ষ্ঠ সপ্তাহ | ৭ম সপ্তাহ | ৮ম সপ্তাহ | ৯ম সপ্তাহ | ১০ম সপ্তাহ | ১১ম সপ্তাহ | ১২ম সপ্তাহ | ১৩ম সপ্তাহ | ১৪ম সপ্তাহ | ১৫ম সপ্তাহ | ১৬ম সপ্তাহ | ১৭ম সপ্তাহ | ১৮ম সপ্তাহ | ১৯ সপ্তাহ | ২০ম সপ্তাহ | ২১ম সপ্তাহ |
| বাংলা | এ্যাসাইনমেন্ট ১ | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | | এ্যাসাইনমেন্ট ৫ | | | | এ্যাসাইনমেন্ট ৬ |
| ইংরেজী | | এ্যাসাইনমেন্ট ১ | | | | এ্যাসাইনমেন্ট ২ | | এ্যাসাইনমেন্ট ৩ | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | | | এ্যাসাইনমেন্ট ৫ | | | | এ্যাসাইনমেন্ট ৬ | |
| গণিত | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | এ্যাসাইনমেন্ট ৫ |
| বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | এ্যাসাইনমেন্ট ৪ | |
| বিজ্ঞান | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | | এ্যাসাইনমেন্ট ৫ | | |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | | | | | | | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | |
| ধর্ম শিক্ষা | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | |
| শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | | | | | | | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | |
| কর্ম ও জীবনমুখী শিক্ষা | | | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | |
| চারু ও কারুকলা | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | | | | | | | | |
| কৃষি শিক্ষা/ গার্হস্থ্য বিজ্ঞান | | | এ্যাসাইনমেন্ট ১ | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | | | | |
| মোট- | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |

# এ্যাসাইনমেন্ট গ্রিড

## শ্রেণি: ৯ম

| বিষয় | সপ্তাহ ও এ্যাসাইনমেন্ট প্রদানের নম্বর ও সংখ্যা | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম সপ্তাহ | ২য় সপ্তাহ | ৩য় সপ্তাহ | ৪র্থ সপ্তাহ | ৫ম সপ্তাহ | ৬ষ্ঠ সপ্তাহ | ৭ম সপ্তাহ | ৮ম সপ্তাহ | ৯ম সপ্তাহ | ১০ম সপ্তাহ | ১১ম সপ্তাহ | ১২ম সপ্তাহ | ১৩ম সপ্তাহ | ১৪ম সপ্তাহ | ১৫ম সপ্তাহ | ১৬ম সপ্তাহ | ১৭ম সপ্তাহ | ১৮ম সপ্তাহ | ১৯ সপ্তাহ | ২০ম সপ্তাহ | ২১ম সপ্তাহ |
| বাংলা | এ্যাসাইনমেন্ট ১ | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | এ্যাসাইনমেন্ট ৩ | এ্যাসাইনমেন্ট ৩ | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | | এ্যাসাইনমেন্ট ৫ | | | | | এ্যাসাইনমেন্ট ৬ |
| ইংরেজী | | এ্যাসাইনমেন্ট ১ | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | | এ্যাসাইনমেন্ট ৫ | | | এ্যাসাইনমেন্ট ৬ | |
| গণিত | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | | এ্যাসাইনমেন্ট ৫ | | |
| ধর্ম শিক্ষা | | | | | | | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | |
| ক্যারিয়ার শিক্ষা | | | | | | | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | | | | | | |
| শারীরিক শিক্ষা | | | | | | | | | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | | | | এ্যাসাইনমেন্ট ২ |
| পদার্থ/হিসাব বিজ্ঞান/ ইতিহাস ও বিশ্বসভ্যতা | | | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | |
| রসায়ন/ব্যবসায় উদ্যোগ/ভূগোল ও পরিবেশ | | | | এ্যাসাইনমেন্ট ১ | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | | |
| জীব বিজ্ঞান/ফিন্যান্স ও ব্যাংকিং/পৌরনীতি ও নাগরিকতা | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | | | এ্যাসাইনমেন্ট ৪ | |
| বাংলাদেশ ও বিশ্ব পরিচয়/ বিজ্ঞান | এ্যাসাইনমেন্ট ১ | | | | এ্যাসাইনমেন্ট ২ | | | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | | |
| উচ্চতর গণিত/কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান/অর্থনীতি/চারু ও কারুকলা | | | এ্যাসাইনমেন্ট ১ | | | | | এ্যাসাইনমেন্ট ২ | | এ্যাসাইনমেন্ট ১ | | | | এ্যাসাইনমেন্ট ৩ | | | | | এ্যাসাইনমেন্ট ৪ | | |
| মোট- | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | ভাষা ও বাংলা ভাষা (ব্যাকরণ) | ১.৫ ভাষার রূপ বৈচিত্র্য<br><br>(জ) সাধু ও চলিত ভাষা | **১. নিচের রচনাংশটুকু চলিত রীতিতে রূপান্তর কর:**<br>তারপর স্বর্গীয় দূত পূর্বে যে টাকওয়ালা ছিল, তাহার কাছে গেলেন। সেখানে গিয়া আগের মতো একটি গাভি চাহিলেন। সেও ধবল রোগীর মতো তাহাকে কিছুই দিলনা। তখন স্বর্গীয়দূত বলিলেন, আচ্ছা, যদি তুমি মিথ্যা বলিয়া থাক, তবে যেমন ছিলে আল্লাহ তোমাকেআবার তেমনি করিবেন।<br><br>তারপর স্বর্গীয়দূত পূর্বে যে অন্ধছিল, তাহার কাছে গিয়া বলিলেন, আমি এক বিদেশি। বিদেশে আমার সম্বল ফুরাইয়া গিয়াছে। এখন আল্লাহর দয়া ছাড়া আমার দেশে পৌঁছিবার আর কোনো উপায় নাই। যিনি তোমার চক্ষু ভালো করিয়া দিয়াছেন, আমি তোমাকে সেই আল্লাহর দোহাই দিয়া একটি ছাগল চাহিতেছি; যেন আমি সেই ছাগল-বেচা টাকা দিয়া দেশে ফিরিয়া যাইতে পারি। | সাধু ও চলিত রীতির বৈশিষ্ট্যসমূহ জানতে পাঠ্যবইয়ের ৭নং পৃষ্ঠা পড়তে হবে। | ১. সর্বনাম ও ক্রিয়াপদগুলির সঠিকভাবে রূপান্তর করতে পারলে অতি উত্তম<br><br>২. সর্বনাম পদের আংশিক ও ক্রিয়াপদগুলি পরিপূর্ণভাবে রূপান্তর করতে পারলে উত্তম<br><br>৩. সর্বনাম ও ক্রিয়াপদগুলির আংশিক রূপান্তর করতে পারলে-ভালো<br><br>৪. সর্বনাম ও ক্রিয়াপদগুলির কোনো রূপান্তর করতে না পারলে - অগ্রগতি প্রয়োজন |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | গদ্য | **কাবুলিওয়ালা**<br>রবীন্দ্রনাথ ঠাকুর | **যৌক্তিকতা নিরুপণ:**<br>নিচে উল্লিখিত অংশটি সাধুরীতিতে রচিত। উপযুক্ত কারণ দেখিয়ে তার যৌক্তিকতা তুলে ধর।<br>**'সংবাদ পাইলাম, কাবুলিওয়ালার সহিত মিনির এই যে দ্বিতীয় সাক্ষাৎ তাহা নহে, ইতোমধ্যে সে প্রায় প্রত্যহ আসিয়া পেস্তা বাদাম ঘুষ দিয়া মিনির ক্ষুদ্র হৃদয়টুকু অনেকটা অধিকার করিয়া লইয়াছে।'** | *শিক্ষার্থীরা বাংলা ব্যাকরণ ও নির্মিতি বইয়ের সহায়তা নিয়ে সাধুরীতির ৪-৫টি বৈশিষ্ট্য লিখবে।<br>*উল্লিখিত পাঠ থেকে সর্বনাম, ক্রিয়াপদ, অব্যয় ও তৎসম শব্দের দৃষ্টান্ত চিহ্নিত করবে।<br>*যৌক্তিকতা সহ উপসংহার লিখবে। | **অতি উত্তম**: ১.বিষয়বস্তুর সঠিকতা ২. যথাযথ দৃষ্টান্ত ৩. বানান শুদ্ধতা ৪. মৌলিকতা/ নিজস্বতা<br>**উত্তম**: ১ টির ক্ষেত্রে ঘাটতি<br>**ভালো**: ২-৩টির ঘাটতি<br>**অগ্রগতি প্রয়োজন**: সকলক্ষেত্রেই ঘাটতি |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | গদ্য (গল্প) | **‘পড়ে পাওয়া’**<br>বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় | **কেস- স্টাডি:**<br>রিনা ও মলি স্কুলে নতুন বই আনতে গিয়েছে। বই নিয়ে বের হওয়ার সময় তারা স্কুলের মাঠে একটি দামি মোবাইল ফোন পেল। তারা তাদের সহপাঠী রনির সাথে বিষয়টি নিয়ে আলোচনা করে। তারা সিদ্ধান্ত নেয় যে, ফোনের প্রকৃত মালিককে এটি ফেরত দেবে। কোন প্রক্রিয়ার মাধ্যমে তারা প্রকৃত মালিককে ফেরত দিতে পারে, সেই ধাপসমূহের বর্ণনা। | ১। ‘পড়ে পাওয়া’ গল্পটি ভালো করে পাঠ করবে এবং গল্পের বাদল, বিধু, সিধু, তিনুরা সততা ও বুদ্ধিমত্তার দ্বারা যেভাবে বাক্সটি প্রকৃত মালিককে ফেরত দিয়েছিল, সেই অভিজ্ঞতার আলোকে অ্যাসাইনমেন্টটি তৈরি করবে। | **ক. অতি উত্তম**<br>(১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা,<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঞ্জাতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষ্যণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্যের যথাযথ প্রয়োগ )<br>**খ. উত্তম**<br>(১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা,<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঞ্জাতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি)<br>**গ. ভালো**<br>(১.বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব,<br>২.লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে আংশিকভাবে সঞ্জাতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি)<br>**ঘ. অগ্রগতি প্রয়োজন**<br>(১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব,<br>২.লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঞ্জাতিপূর্ণ নয়।<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি) |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** আকাইদ | পাঠ- ১ (তাওহিদ)<br>পাঠ-২ (কালিমা তায়্যিবা)<br>পাঠ-৩ (কালিমা শাহাদাত)<br>পাঠ-৪ (ইমান মুজমাল)<br>পাঠ-৫ (আল-আসমাউল হুসনা) | তোমার চারপাশের নানা নিদর্শন উল্লেখসহ কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের আলোকে আল্লাহ তায়ালার একত্ববাদের উপর একটি প্রতিবেদন তৈরি কর। | • তাওহিদ, কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের ধারণা<br>• বিষয় শিক্ষক/ মাতা পিতা/ধর্মীয় জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের সাথে আলোচনা/ সহায়ক বই পুস্তক/ ইন্টারনেটের সহযোগিতা গ্রহণ | **অতি উত্তম:**<br>• আল্লাহ তায়ালার একত্ববাদের ধারণা ও নিদর্শন পরিপূর্ণ মাত্রায় উপস্থাপন<br>• একত্ববাদ উপস্থাপনায় কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের পরিপূর্ণ প্রতিফলন<br>• পরিপূর্ণ মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>• আল্লাহ তায়ালার একত্ববাদের ধারণা ও নিদর্শন অধিকাংশ ক্ষেত্রে উপস্থাপন<br>• একত্ববাদ উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের প্রতিফলন<br>• অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>• আল্লাহ তায়ালার একত্ববাদের ধারণা ও নিদর্শনের আংশিক উপস্থাপন<br>• একত্ববাদ উপস্থাপনায় কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের আংশিক প্রতিফলন<br>• উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• আল্লাহ তায়ালার একত্ববাদের ধারণা ও নিদর্শন উপস্থাপনার অভাব<br>• একত্ববাদ উপস্থাপনায় কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের প্রতিফলনের অভাব<br>• উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **প্রথম অধ্যায়:**<br>স্রষ্টা ও সৃষ্টি | পাঠ ১:<br>স্রষ্টা ও সৃষ্টির ধারনা<br>পাঠ ২:<br>স্রষ্টা ও সৃষ্টির মধ্যকার সম্পর্ক<br>পাঠ ৩:<br>সকল জীবে স্রষ্টার অস্তিত্ব<br>পাঠ ৪:<br>ঈশ্বর সম্পর্কিত সংস্কৃত মন্ত্র ও সরল অর্থ | জীবে প্রেম করার মধ্য দিয়ে কিভাবে ঈশ্বরের সেবা করা যায় তা তোমার অথবা তোমার পারিবারিক জীবনের জীব সেবার কোনো অভিজ্ঞতা বর্ণনার মাধ্যমে উপস্থাপন কর। | পাঠ্যপুস্তক পড়ে বা তোমার পারিবারিক জীবন থেকে বা ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দৃষ্টান্ত নিয়ে লিখতে পারো।<br>(মানুষ বা অসহায় পশু-পাখি ইত্যাদি যেকোনো সেবার ঘটনা নিয়ে লিখতে পারো) | **অতি উত্তম:**<br>১. পরিস্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তু প্রাসঙ্গিক (ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে লেখা), ধারনার যৌক্তিক উপস্থাপন<br>৩. উপস্থাপনায় নিজস্বতা<br>**উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তু অধিকাংশ প্রাসঙ্গিক (ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে লেখা)<br>৩. উপস্থাপনায় নিজস্বতা ।<br>**ভালো:**<br>১. সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তুতে প্রাসঙ্গিকতা রয়েছে তবে কিছু অপ্রাসঙ্গিক কথা<br>৩. উপস্থাপনায় বইয়ের ভাষা রয়েছে তবে কিছু নিজস্বতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. ভাষা পরিষ্কার নয় ও সহজবোধ্য নয়<br>২. বিষয়বস্তুতে মূলত অপ্রাসঙ্গিক<br>উপস্থাপনায় নিজস্বতা্র অভাব রয়েছে / অনুকরনের ছাপ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **প্রথম অধ্যায়:** ঈশ্বরকে জানা | পাঠ ১:<br>ঈশ্বরকে জানার উপায়<br>পাঠ ২:<br>ঐশপ্রকাশের ধাপসমূহ<br>পাঠ ৩:<br>মানুষের প্রতি ঈশ্বরের ভালোবাসা | ঈশ্বর আত্মপ্রকাশের মাধ্যমে মানুষের প্রতি তাঁর যে ভালোবাসা প্রকাশ করেছেন সে বিষয়ে একটি প্রতিবেদন তৈরি কর।<br>**সংকেত:**<br>ক) পরিবেশ সৃষ্টি<br>খ) মানুষ সৃষ্টি<br>গ) ব্যক্তিগত ও সামাজিক জীবনে পারস্পরিক ভালোবাসা<br>ঘ) সৃষ্টির প্রতি দায়িত্বশীলতা | ১। পাঠ্যবই ব্যবহার করতে পারবে<br>২। শিক্ষার্থীরা পরিবেশের সান্নিধ্যে গিয়ে ঈশ্বরের উপস্থিতি উপলব্ধি করবে<br>৩। পবিত্র বাইবেল পাঠ করে ঈশ্বরের আত্মপ্রকাশের ধারণা লাভ করবে | **অতি উত্তম:**<br>১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তুর সবগুলো সংকেত সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা (ভাষা ও বিষয়বস্তু)<br>**উত্তম:**<br>১. অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **প্রথম অধ্যায়:**<br>গৌতম বুদ্ধের জীবপ্রেম | পাঠ:১<br>গৌতম বুদ্ধের পরিচিতি<br>পাঠ:২<br>গৌতম বুদ্ধ ও জীবপ্রেম<br>পাঠ:৩<br>বুদ্ধের মৈত্রী প্রদর্শন<br>পাঠ:৪<br>গৌতম বুদ্ধ ও অহিংসা নীতি | তোমার দুই বন্ধু সকাল ৯টায় স্কুলে যাওয়ার পথে দেখলো একজন বৃদ্ধ লোক হঠাৎ মাথা ঘুরিয়ে রাস্তায় পড়ে গেল। অন্য দুইজন পথচারী তাকে উঠিয়ে সেবা করতে লাগলো। এই ঘটনার পরিপেক্ষিতে জীবপ্রেম বিষয়ক একটি প্রবন্ধ তৈরি করো। (২০০ শব্দ)<br><br>**সংকেত:**<br>(ক) ঘটনার স্থান ও সময়<br>(খ) উক্ত ঘটনায় পথচারীদের ভূমিকা<br>(গ) ঘটনা দর্শনে পাঠ্যবিষয়ের আলোকে তোমার অনুভূতি প্রকাশ<br>(ঘ) জীবের জন্য তোমার করণীয় | ১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের ১ম অধ্যায়।<br>২. বিষয় শিক্ষকের পরামর্শ।<br>৩. পরিবারের বয়োজ্যেষ্ঠদের সাথে আলোচনা।<br>৪. স্বাস্থ্যবিধি মেনে প্রতিবেশীর সাথে আলোচনা।<br>৫. ইন্টারনেট থেকে তথ্য সংগ্রহ। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. বাক্যের গঠন ও বানানরীতির সঠিকতা রক্ষা<br>৪. লেখার সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য ধারণ অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br>৩. বাক্যের গঠন ও বানানরীতি অধিকাংশ ক্ষেত্রে সঠিক<br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব।<br>২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতি পূর্ণ।<br>৩. কিছু ক্ষেত্রে বাক্যের গঠন ও বানানরীতি সংগতিপূর্ণ নয়<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়।<br>৩. অধিকাংশ ক্ষেত্রে বাক্যের গঠন ও বানানরীতি সংগতিপূর্ণ নয়। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **১ম অধ্যায়** | পাঠ-১ (তাওহিদ)<br>পাঠ-২ (তাওহিদ নৈতিকতা)<br>পাঠ-৩ (কুফর)<br>পাঠ-৪ (শিরক)<br>পাঠ-৫ (ইমান মুফাস্সাল) | পোস্টার:<br>আমাদের চারপাশে সৃষ্টিজগতের মাঝে মহান আল্লাহর একত্ববাদের অসংখ্য নমুনা বিদ্যমান। বাস্তব উদাহরণসহ এককত্ববাদের প্রমাণ উল্লেখ করে একটি পোস্টার তৈরি কর। | ● পাঠ্যবইয়ের অধ্যায় এক এর সংশ্লিষ্ট পাঠের আলোকে বিষয়বস্তুর মৌলিক চাহিদাগুলো শনাক্ত করতে হবে।<br>● আর্ট পেপার/ক্যালেন্ডারের উল্টাপৃষ্ঠা অথবা খাতার পৃষ্ঠা ব্যবহার করে পোস্টার তৈরি করা যেতে পারে।<br>● প্রয়োজনে সহায়ক পুস্তকের সাহায্য নেওয়া যেতে পারে।<br>● পরিবারের অন্যান্য সদস্যদের সাথে আলোচনা করে বিষয়ের সঠিকতা সম্পর্কে সম্যক ধারণা নেওয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তু পূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় লক্ষনীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১. বিষয়বস্তু অধিকাংশক্ষেত্রে সঠিক ও ধারাবাহিক<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে অধিকাংশক্ষেত্রে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১. বিষয়বস্তু সঠিক থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আংশিকভাবে আরবিতে লিখতে পারা<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তু সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. কুরআন ও হাদিসের উদ্বৃতি লিখতে না পারা<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **প্রথম অধ্যায়:**<br>ঈশ্বরের স্বরূপ | পাঠ-১:<br>স্রষ্টা ও ঈশ্বর শব্দের অর্থ<br>পাঠ-২ ও ৩ : ঈশ্বরের স্বরূপ: নিরাকার ও সাকার<br>পাঠ-৪ ও ৫:<br>ঈশ্বরের একত্ব<br>পাঠ-৬:<br>ঈশ্বরের স্বরূপ সম্পর্কে শ্রীমদ্ভগবদ্‌গীতার শ্লোক | ১।" ঈশ্বর এক ও অদ্বিতীয় এবং নিরাকার তবে সব সাকার রূপ একই ঈশ্বরের বিভিন্ন প্রকাশ"- যুক্তি বিশ্লেষণ পূর্বক ব্যাখ্যা কর।<br><br>**সংকেত:**<br>১। ঈশ্বরের স্বরূপ<br>২। ঈশ্বরের একত্ব | ১। ঈশ্বর সম্পর্কিত বিভিন্ন বাণী, মন্ত্র-শ্লোক উল্লেখ করার সময় উজ্জ্বল কালি ব্যবহার করতে পারো।<br>২। প্রয়োজনে ছবি, চিত্র ও ইন্টারনেট থেকে দেব-দেবীর ছবি আপলোড করা যেতে পারে।<br>৩। প্রয়োজনে গুরুজনদের সাহায্য নিতে পারো।<br>৪। প্রয়োজনে নিজের পাঠ্যপুস্তক ব্যতীত অন্য সহায়ক বই (উপরের/নিচের শ্রেণির) সাহায্য নেয়া যেতে পারে।<br>৫। পাঠ্যপুস্তকের প্রতিটি পাঠ ভালো ভাবে পড়তে হবে।<br>৬। বানান ও বাক্য গঠনে সচেতন হতে হবে।<br>৭। উপস্থাপনায় বৈচিত্র্য আনতে হবে। | **অতি উত্তম:**<br>১। পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। লক্ষণীয় মাত্রায় নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৫। বানান ও বাক্য গঠন সঠিক ভাবে উপস্থাপন<br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। অধিকাংশ ক্ষেত্রে সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৫। অধিকাংশ বানান ও বাক্য গঠন সঠিক ভাবে উপস্থাপন<br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। আংশিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৫। সল্প সংখ্যক বানান ও বাক্য গঠন সঠিক ভাবে উপস্থাপন<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। কম তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনের অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **প্রথম অধ্যায়:** ঈশ্বরের অদ্বিতীয় পুত্র যীশু খ্রিষ্ট | পাঠ ১:<br>ঈশ্বরের অদ্বিতীয় পুত্র যীশু খ্রিষ্ট<br>পাঠ ২:<br>'যীশু' নামের অর্থ<br>পাঠ ৩:<br>'খ্রিষ্ট' নামের অর্থ<br>পাঠ ৪:<br>খ্রিষ্টই প্রভু<br>পাঠ ৫:<br>খ্রিষ্ট প্রকৃত ঈশ্বর ও প্রকৃত মানুষ | "যীশুর দুইটি স্বভাব: মানবীয় ও ঐশ্বরিক। তিনি পূর্ণ ঈশ্বর ও পূর্ণ মানব"- উল্লেখিত বিষয়ের আলোকে একটি প্রবন্ধ লেখ। (সর্বোচ্চ ৩০০ শব্দ)<br><br>**সংকেত:**<br>ক) যীশুর জন্মের ঘটনা<br>খ) যীশুর ঐশ্বরিক গুণাবলি<br>গ) যীশুর মানবীয় গুণাবলি<br>ঘ) যীশুর প্রতিকৃতি অংকন | ১। প্রবন্ধটি অফসেট পেপারে অথবা তোমার ব্যবহৃত খাতার পৃষ্ঠায় করা যেতে পারে<br>২। অ্যাসাইনমেন্টে উল্লেখিত বিষয়ে রঙের বৈচিত্র্য আনা যেতে পারে<br>৩। প্রয়োজনে ছবি, চিত্র, পেপার কাটিং ইত্যাদি সংযোজন করা যেতে পারে<br>৪। নিজের পাঠ্যপুস্তক ও অন্য সহায়ক পুস্তকের (উপরের/ নিচের শ্রেণির) অথবা পবিত্র বাইবেল থেকে সাহায্য নেয়া যেতে পারে<br>৫। শব্দ ব্যবহারে সাবলীল হতে হবে এবং হাতের লেখার স্পষ্টতা বাঞ্ছনীয় | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। অধিকাংশ ক্ষেত্রে নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**ভাল:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২। উপস্থাপনায় আংশিক ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৩। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনার অভাব<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **প্রথম অধ্যায়:** গৌতম বুদ্ধের নৈতিক শিক্ষা | পাঠ: ১<br>নৈতিকতা ও শীলপালন<br>পাঠ: ২<br>গৌতমবুদ্ধ ও নৈতিকতা<br>পাঠ: ৩<br>দৈনন্দিন জীবনে নৈতিকতা অনুশীলন<br>পাঠ: ৪ নৈতিকতা অনুশীলনের সুফল | তোমার এলাকায় শান্তি প্রতিষ্ঠার জন্য যে সমস্ত মূল্যবোধ প্রতিপালন করার প্রয়োজন হয় সে রকম ১০টি মূল্যবোধের একটি তালিকা তৈরি কর। | ১। পোস্টার পেপার অথবা ক্যালেন্ডারের উল্টা পৃষ্ঠায় অথবা খাতার পৃষ্ঠা জোড়া দিয়ে তালিকা তৈরি করা যেতে পারে।<br>২। নিজের পাঠ্যপুস্তকসহ প্রয়োজনে উপরের/নিচের শ্রেণির পাঠ্যপুস্তকের সাহায্য নেওয়া যেতে পারে।<br>৩। ইন্টারনেট, পত্র- পত্রিকা, পরিবারের সদস্যদের সাথে আলাপচারিতার মাধ্যমে বিভিন্ন তথ্য জেনে নেওয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>১। পরিপূর্ণ মাত্রায় বিষয়বস্তুর যথার্থতা<br>২। দশটি মূল্যবোধ সঠিকভাবে উপস্থাপন<br>৩। বাক্য গঠন ও বানানের সঠিকতা<br>৪। উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতাও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা<br>২। আটটি মূল্যবোধ সঠিকভাবে উপস্থাপন<br>৩। অধিকাংশ ক্ষেত্রেবাক্য গঠন ও বানানের সঠিকতা<br>৪। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতাও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুও সঠিকতা<br>২। ছয়টি মূল্যবোধ সঠিকভাবে উপস্থাপন<br>৩। কিছু ক্ষেত্রে বাক্য গঠন ও বানানের ভুল<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু ও সঠিকতার অভাব<br>২। ছয়টির কম মূল্যবোধ সঠিকভাবে উপস্থাপন<br>৩। অধিকাংশ ক্ষেত্রে বাক্য গঠন ও বানানের ভুল |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** আকাইদ | পাঠ- ১ (ঈমান)<br>পাঠ- ২ (নিফাক)<br>পাঠ-৩ (আল-আসমাউল হুসনা) | মনে কর তোমার ঘনিষ্ঠ একজন সহপাঠীর আচরণে মুনাফিকের লক্ষণ পরিলক্ষিত হয়, তাকে প্রকৃত মুমিন বান্দা হতে সহায়তা করার জন্য তুমি কী কী উদ্যোগ নিতে পারো- এ সম্পর্কিত একটি কর্মপরিকলপনা তৈরি করো।<br>**সংকেত:**<br>১। সহপাঠীর কোন কোন আচরণে মুনাফিকের লক্ষণ তার উল্লেখ।<br>২। উক্ত আচরণগুলো কেন ক্ষতিকর তার ব্যাখ্যা।<br>৩। উক্ত বিষয়ের কুরআন ও হাদিসের উদ্ধৃতি<br>৪। সহপাঠীর মুনাফিকী আচরণ দূর করার উপায়।<br>৫। সহপাঠীকে মুমিন হওয়ার জন্য তোমার পদক্ষেপ। | • পাঠ্যপুস্তক থেকে উক্ত বিষয়ে ধারণা নেয়া যেতে পারে<br>• প্রয়োজনে অভিভাবকের সহযোগিতা নেয়া যেতে পারে<br>• মোবাইল বা যে কোন ভার্চুয়াল মিডিয়ার মাধ্যমে বিষয় শিক্ষকের সাথে যোগাযোগ করা যেতে পারে<br>• ইন্টারনেটের সাহায্য নেয়া যেতে পারে<br>• অ্যাসাইনমেন্ট স্বহস্তে লিখতে হবে | • **নিচের নির্ণায়কের ভিত্তিতে শিক্ষক মূল্যায়ন করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন**<br>• **প্রয়োজনীয় ক্ষেত্রে ফিডব্যাক প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের শিখন নিশ্চিত করবেন**<br>**অতি উত্তম:**<br>১। কুরআন ও হাদিসের উদ্ধৃতি আরবিতে লিখা।<br>২। ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে যৌক্তিক বিশ্লেষণ<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br>**উত্তম:**<br>১। কুরআন ও হাদিসের উদ্ধৃতির অনুবাদ<br>২। আংশিক ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে আংশিক যৌক্তিক বিশ্লেষণ<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br>**ভালো:**<br>১। কুরআন অথবা হাদিসের উদ্ধৃতির অনুবাদ<br>২। কিছুটা ধারাবাহিকতা বজায় থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে আংশিক বিশ্লেষণ<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। কুরআন অথবা হাদিসের উদ্ধৃতির অনুবাদের অভাব<br>২। ধারাবাহিকতা বজায় না থাকা<br>৩। পর্যায় উপলব্ধি করে বিশ্লেষণ না করা<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা না থাকা<br>৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:**<br>ঈশ্বরের স্বরূপ | পাঠ-১:<br>ঈশ্বর এক ও অদ্বিতীয়<br>পাঠ-২:<br>ব্রহ্ম, ঈশ্বর, ভগবান ও জীবাত্মা<br>পাঠ-৩:<br>ঈশ্বরের আত্মারূপে অবস্থান<br>পাঠ-৪:<br>জ্ঞানী, যোগী ও ভক্তের দৃষ্টিতে ঈশ্বর<br>পাঠ-৫:<br>প্রার্থনামূলক মন্ত্র ও বাংলা কবিতা | 'সকল সাধকেরই মূল উদ্দেশ্য পরম পুরুষকে পাওয়া।' উক্তিটির যৌক্তিকতা নিরুপণ করো। | ১। তোমার পরিচিত চেনা- শোনা কয়েকজন সাধকের (অন্তত ৩ জন) নাম উল্লেখ করো।<br>২। কীভাবে তাঁদের সাধনার পথ পৃথক বিশ্লেষণ করো।<br>৩। এ পথ পৃথক হওয়া সত্ত্বেও তারা সকলেই পরম পুরুষের সাধনা করছেন-ব্যাখ্যা করো।<br>৪। তাঁদের মত ও পথ কীভাবে তোমার জীবনকে প্রভাবিত করে তা উদাহরণসহ বর্ণনা করো। | **অতি উত্তম:**<br>১। নির্দেশনায় উল্লিখিত বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার প্রকাশ<br>২। সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনার নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২। অধিকাংশ ক্ষেত্রে সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২। আংশিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২। কম তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনের অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **প্রথম অধ্যায়:** পবিত্র আত্মা | পাঠ ১ :<br>পবিত্র আত্মার অবতরণ<br>পাঠ ২ :<br>পবিত্র আত্মার প্রেরণা<br>পাঠ ৩ :<br>পবিত্র আত্মার দান ও ফল<br>পাঠ ৪ :<br>পবিত্র আত্মার সহায়ক | তুমি ধর্মানুরাগী। নিচের ঘটনাগুলোর ক্ষেত্রে তুমি যদি উপস্থিত থাকতে তাহলে কী করতে তা বর্ণনা কর।<br>১. দীক্ষাগুরু যোহনের মন পরিবর্তনের প্রচার<br>২. যীশুর শিষ্যদের উপর পবিত্র আত্মার অবতরণ<br>৩. পবিত্র আত্মার অনুপ্রেরণায় মারীয়ার জীবন যাপন | ১. প্রয়োজনে ছবি সংযোজন করা যেতে পারে।<br>২. বাইবেল থেকে ভালো করে পড়ে নিতে হবে।<br>৩. পাঠ্যপুস্তক ভালো করে পড়ে নিতে হবে<br>৪। ইন্টারনেট থেকে তথ্য নেওয়া যেতে পারে। | **অতি উত্তম:**<br>১. তিনজন ব্যক্তি সম্পর্কে যথার্থ ও ধারাবাহিকভাবে লেখা<br>২. উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩. খুবই নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪. বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>**উত্তম:**<br>১. দুইজন ব্যক্তি সম্পর্কে যথার্থ ও ধারাবাহিকভাবে লিখা<br>২. উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩. অধিকাংশ ক্ষেত্রে নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪. বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>**ভালো:**<br>১. ২ জন ব্যক্তি সম্পর্কে যথার্থ ও ধারাবাহিকভাবে লিখা<br>২. উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতার<br>৩. আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪. বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. একজন ব্যক্তি সম্পর্কে যথার্থ ও ধারাবাহিকভাবে লিখা<br>২. উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৩. নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনার অভাব<br>৪. বানান ও বাক্য গঠন ঠিক না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | **প্রথম অধ্যায়:**<br>গৌতম বুদ্ধের সাম্যনীতি | পাঠ :১<br>বুদ্ধের সাম্যনীতি<br>পাঠ: ২<br>বুদ্ধের সাম্যনীতির প্রয়োগ<br>পাঠ: ৩<br>বৌদ্ধ সাম্যনীতির সামাজিক প্রভাব | পরিবার ও সমাজে জাতি, প্রথা, গোত্র, বর্ণ, পেশা নির্বিশেষে সকল শ্রেণির মানুষের মধ্যে কিছু বৈষম্য পরিলক্ষিত হয়। কন্যা সন্তানরাও এখনো সমাজে অবহেলিত ও বৈষম্যের স্বীকার। তাই বৈষম্য দূর করার লক্ষ্যে গৌতম বুদ্ধ সাম্যনীতির অগ্রাধিকার দেন।<br><br>উপরের বিষয়টি বিবেচনায় রেখে নিচের সংকেত অনুসরণ করে প্রতিবেদন আকারে লিখ।(৩০০ শব্দের মধ্যে)<br>**সংকেত:**<br>ক. বুদ্ধের সাম্যনীতি<br>খ. তোমার দেখা সমাজের বিভিন্ন শ্রেণি, গোত্র ও পেশাজীবী মানুষের মধ্যে বৈষম্য।<br>গ. বাস্তব জীবনের অভিজ্ঞতার আলোকে তোমার দেখা কন্যা সন্তানদের বৈষম্যের স্বীকার এরুপ একটি ঘটনা।<br>ঘ. বুদ্ধের সাম্যনীতির আলোকে সামাজিক বৈষম্য দূর করার উপায়গুলোর তালিকা। | ১. পাঠ্যপুস্তকের আলোকে বিষয়ের প্রথম অধ্যায়ের পাঠ ১, ৩ এর সহযোগীতা গ্রহন করা যেতে পারে।<br>২. পরিবারের সদস্যদের সাথে বাস্তব অভিজ্ঞতার আলোকে তথ্য গ্রহণ করতে পারবে।<br>৩. শিক্ষকের কাছ থেকে টেলিফোন/মোবাইল/ অনলাইনের মাধ্যমে পরামর্শ গ্রহণ করতে পারবে।<br>৪.প্রয়োজনে ইন্টারনেট থেকে সাহায্য নিতে পারবে।<br>৫. স্বাস্থ্যবিধি মেনে প্রতিবেশী/কাজের লোক/ বিভিন্ন পেশাজীবী মানুষের সাথে পরামর্শ নিতে পারবে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. লেখার সৃজনশীলতা ও নিজস্বতা<br>৪. সঠিক বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২.তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br>৩. সঠিক বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য , ধারণা আংশিকভাবে সংগতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সঠিক বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য , ধারণা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয় |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স | |
|---|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | গদ্য (প্রবন্ধ) | বই পড়া<br>প্রমথ চৌধুরী | **অনুচ্ছেদ রচনা:**<br>'স্বশিক্ষা অর্জনে বই পড়ার গুরুত্ব' | 'বই পড়া' প্রবন্ধটির আলোকে শিক্ষার্থীরা অনুচ্ছেদটি রচনা করবে। প্রয়োজনে 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' বই থেকে অনুচ্ছেদ লেখার নিয়ম অনুসরণ করবে। | ক. অতি উত্তম | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা |
| | | | | | খ. উত্তম | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা |
| | | | | | গ. ভালো | ১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. পাঠ্যপুস্তকের সাথে আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা |
| | | | | | ঘ. অগ্রগতি প্রয়োজন | ১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ নয়<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্ব পরিচয়**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১** | প্রথম অধ্যায়:<br>পূর্ব বাংলার আন্দোলন ও জাতীয়তাবাদের উত্থান (১৯৪৭-১৯৭০) | ১.১ বাঙালি জাতীয়তাবাদের বিকাশে ভাষা আন্দোলন-৪<br>১.২ বাঙালি জাতীয়তাবাদে রাজনৈতিক আন্দোলনের ভূমিকা-৫<br>১.৩ সামরিক শাসন ও পরবর্তী ঘটনা প্রবাহ (১৯৫৮-৭০)-৯ | ১৯৫২, ১৯৬৬, ১৯৭০ সাল বাংলাদেশের ইতিহাস বিনির্মানে অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু সময়। এর মাঝে কোন সালের ঘটনাপ্রবাহ বাংলাদেশের স্বাধীনতা অর্জনে অধিকতর প্রেরণা যুগিয়েছিল বলে তুমি মনে কর? যুক্তিসহ তোমার মতামত তুলে ধর। | ১. উল্লিখিত সালগুলির সাথে সম্পর্কিত ঘটনাগুলি ধারাবাহিকভাবে উল্লেখ করবে।<br>২. যে ঘটনাটি মুক্তিযুদ্ধে প্রেরণা হিসেবে কাজ করেছে তা ব্যাখ্যা করবে।<br>৩. উত্তরের স্বপক্ষে যুক্তি প্রদর্শন করবে।<br>৪. নিজস্ব মতামত প্রদান করবে। | **ক. অতি উত্তম:**<br>১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**খ. উত্তম:**<br>অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**গ. ভালো:**<br>বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**ঘ. অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়: উন্নততর জীবনধারা | **১.১ খাদ্য ও পুষ্টি**, ১.১.১ **শর্করা বা কার্বোহাইড্রেট, ১.১.২ আমিষ বা প্রোটিন, ১.১.৩ স্নেহ পদার্থ বা লিপিড।**<br>১.৪.১ খাদ্য সংরক্ষণ<br>১.৩.২ উন্নত জীবন যাপনের জন্য খাদ্য উপাদান বাছাই<br>**১.১.৪ খাদ্য প্রাণ বা ভিটামিন**<br>**১.১.৫ খনিজ পদার্থ এবং পানি**<br>**১.১.৬ রাফেজ বা আঁশ।**<br>১.২ বডিমাস ইনডেক্স<br>১.৪.২ খাদ্যদ্রব্য সংরক্ষণে রাসায়নিক পদার্থের ব্যবহার ও এর শারীরিক প্রতিক্রিয়া<br>১.৫ তামাক ও ড্রাগস,<br>১.৬ ড্রাগ আসক্তি<br>১.৭ এইডস<br>১.৮ স্বাস্থ্য রক্ষায় শরীরচর্চা এবং বিশ্রাম। | ১। বৃহস্পতিবার প্রমার আম্মু চাল, ডাল, উদ্ভিজ্জভোজ্য তেল, সবজি এবং মাংস মিশিয়ে খিচুড়ি রান্না করলেন। বিকেলে প্রমা পেয়ারা খেতে খেতে তার আব্বুকে বললো যে কাল তারা বাইরে বেড়াতে যাবে এবং বাইরে খাবে। কথামত শুক্রবারে তারা বাইরে গিয়ে দুপুরে ফ্রাইড রাইস, ফ্রাইড চিকেন, সফট ড্রিংক এবং বিকেলে বার্গার খেলো।<br>ক) প্রমার গৃহীত খাবারগুলোর মধ্যে কোন খাবারটি ভিটামিন E সমৃদ্ধ?<br>খ) উল্লেখিত খাবারগুলোর মধ্যে কোন খাবার উদ্ভিজ্জ উৎস ও কোন কোন খাবার প্রাণিজ উৎস থেকে পাওয়া তা ছকের মাধ্যমে দেখাও।<br>গ) বৃহস্পতিবার প্রমার গৃহীত খাবারের একটি সুষম খাদ্য পিরামিড এঁকে উপস্থাপন কর।<br>ঘ) প্রমার স্বাস্থ্য রক্ষায় কোন দিনের খাবারটি অধিকতর সহায়ক? যুক্তিসহকারে বিশ্লেষণ কর।<br><br>২। শিক্ষার্থী হিসেবে তোমার ২৪ ঘন্টার একটি রুটিন তৈরি কর এবং সেখানে নিম্নলিখিত বিষয়গুলো উপস্থাপন কর।<br>ক) তিনবেলার খাবার, টিফিন ও বিকালের নাস্তা<br>খ) বিশ্রাম (ঘুম) ও শরীর চর্চা<br>গ) সারাদিনের কার্যাবলী (পড়ালেখা, ঘরের কাজ, বাইরের কাজ ইত্যাদি)<br>ঘ) খেলাধুলা (বাড়িতে)<br>ঙ) প্রার্থণা<br>চ) অবসর | ১।<br>➢ পাঠ্যবইয়ের সহায়তা নিতে পারে।<br>➢ চিত্র হাতে আঁকতে হবে। সাদাকালো বা রঙ্গিন যে কোনটি হতে পারে।<br><br>২।<br>➢ পাঠ্যবইয়ের সহায়তা নিতে পার।<br>➢ প্রতিটি বিষয় নির্বাচনের কারণ ব্যাখা করতে হবে।<br>➢ দৈনিক রুটিন যাতে সার্বিক সুস্বাস্থ্যের সহায়ক হয় সেদিকে খেয়াল রাখতে হবে। | **অতি উত্তম:**<br>১. অঙ্কনের নান্দনিকতা, সঠিকতা, চিহ্নিতকরণ।<br>২. নির্ভুল তথ্যের উপস্থাপনা, সঠিক যুক্তি প্রদান ও পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ন সঙ্গতিপূর্ণ।<br>৩. বিষয়বস্তুর গভীরতা পূর্ণমাত্রায়।<br>৪. চিত্র পরিপূর্ণ মাত্রায় সঠিক।<br>**উত্তম:**<br>৫. অঙ্কনের সঠিকতা, চিহ্নিতকরণ।<br>৬. নির্ভুল তথ্যের উপস্থাপনা, সঠিক যুক্তি প্রদান ও পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ সঙ্গতিপূর্ণ।<br>৭. বিষয়বস্তুর গভীরতা অধিকাংশ<br>৮. চিত্র ও চিহ্নিতকরণ অধিকাংশ ক্ষেত্রে সঠিক<br>**ভালো:**<br>১. অঙ্কনের সঠিকতা।<br>২. নির্ভুল তথ্যের উপস্থাপনা, সঠিক যুক্তি প্রদান ও পাঠ্যপুস্তকের সাথে আংশিকভাবে সঙ্গতিপূর্ণ।<br>৩. বিষয়বস্তুর গভীরতা কম।<br>৪. চিত্র ও চিহ্নিতকরণে অসঙ্গতি।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. অঙ্কনে সঠিকতার অভাব<br>২. তথ্যের উপস্থাপনা, সঠিক যুক্তি প্রদান পাঠ্যপুস্তকের সাথে অসঙ্গতিপূর্ণ।<br>৩. বিষয়বস্তুর গভীরতা নেই<br>৪. চিত্র ও চিহ্নিতকরণ ভুল। |